

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২০৩.২৩.২২১

বিষয়: সি টু সি ফ্যাশন লিঃ এর অনুকূলে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৪৬৪, তারিখঃ ২১/০৫/২০২৪

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সি টু সি ফ্যাশন লিঃ, অফিসঃ হাউজ নং-২০, রোড নং-২৫, সেক্টর-৭, উত্তরা, ঢাকা ও কারখানাঃ হোল্ডিং নং-জি-৯২/১ (পুরাতন-জি-৯২), ওয়ার্ড নং-১৫, এইচ.এন টাওয়ার, ভোগরা বাইপাস রোড, বাসন, গাজীপুর সদর, গাজীপুর নামক শিল্প প্রতিষ্ঠানটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী বস্ত্র শিল্প হিসেবে নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা-আরএমজি/ইক্সপি ০০০১০৬৩-২২, তারিখঃ ০১/১২/২০২২ খ্রিস্টাব্দ এবং শিল্প উপখাতঃ তৈরী পোশাক (নীট ও ওভেন)। প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ বিভিন্ন অসুবিধার কারণে ২য় এডহক সুবিধার বিপরীতে কাঁচামাল আমদানি করতে না পারায় কারখানা কর্তৃপক্ষ ৩য় এডহক শিল্প আইআরসি সুবিধার অনুকূলে কাঁচামাল আমদানির সুবিধা প্রদানের আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে বার্ষিক ও ষাণ্মাসিক আমদানি স্বত্ব বহাল রেখে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ এর বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপে ক্ষে সি টু সি ফ্যাশন লিঃ এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পণ্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপে ক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে বার্ষিক ও ষাণ্মাসিক আমদানি স্বত্ব বহাল রেখে ৩য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



২৭-০৫-২০২৪  
রাজু আহমেদ  
উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.২০৩.২৩.২২১/১  
(৫)

১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ২৭ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,

ঢাকা-১০০০;

২। কমিশনার, কাস্টম বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;

৩। ব্যবস্থাপনা পরিচালক, সি টু সি ফ্যাশন লিঃ, অফিসঃ হাউজ নং-২০, রোড নং-২৫, সেক্টর-৭, উত্তরা, ঢাকা ও কারখানাঃ হোল্ডিং নং-জি-৯২/১ (পুরাতন-জি-৯২), ওয়ার্ড নং-১৫, এইচ.এন টাওয়ার, ভোগরা বাইপাস রোড, বাসন, গাজীপুর সদর, গাজীপুর;

৪। সহকারি রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং

৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



A handwritten signature in black ink, appearing to be 'M. K. M.' or similar, written over a horizontal line.

২৭-০৫-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক